টাইফয়েড প্রতিরোধে আপনার শিশুকে টিকা দিন- সিভিল সার্জন

আগামী ১২ অক্টোবর থেকে শুরু হচ্ছে টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন। মেহেরপুরে এ ক্যাম্পেইনের মাধ্যমে ৯ মাস থেকে ১৫ বছর বয়সী প্রায় ১ লাখ ৬৮ হাজার ২৯৭ জন শিশু-কিশোরকে টাইফয়েড টিকা দেওয়া হবে বলে একটি প্রেস কনফারেন্সে জানিয়েছেন সিভিল সার্জন ডা. এ. কে. এম. আবু সাইদ।

বৃহস্পতিবার (৯ অক্টোবর) বিকেলে মেহেরপুর সিভিল সার্জন কার্যালয়ের সম্মেলন কক্ষে এ প্রেস কনফারেন্সে তিনি এ কথা বলেন।

সিভিল সার্জন বলেন, ২০২১ সালের সমীক্ষায় দেখা গেছে, বাংলাদেশে ওই বছরে ৪ লাখ ৭৮ হাজার জন টাইফয়েডে আক্রান্ত হয়েছিলো।

যার মধ্যে মারা গিয়েছিলো ৮ হাজার জন। যার ৬৮ শতাংশ ছিলো শিশু। যে কারণে ৯ মাস থেকে ১৫ বছরের শিশুকে আমরা এ টিকার আওয়তা নিয়ে টাইফয়েড প্রতিরোধে কাজ করতে যাচ্ছি। এ টিকা দেওয়ার ফলে প্রতিটি শিশুর শরীরে রোগ প্রতিরোধ ক্ষমতা বেড়ে যাবে। এ রোগে মৃত্যুহার কমে যাবে।

সিভিল সার্জন আরও বলেন, টাইফয়েড ব্যকটেরিয়া জনিত সংক্রামক রোগ। এ জ্বরে আক্রান্ত হলে আর্থিক ক্ষতি, দীর্ঘমেয়াদী শারিরীক জটিলতা এমনকি মৃত্যু পর্যন্ত হতে পারে।

প্রেস কনফারেন্সে অন্যদের মথ্যে বক্তব্য দেন মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোযাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রেস ক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু, কালের কণ্ঠের জেলা প্রতিনিধি ও মেহেরপুর প্রতিদিন-এর সম্পাদক ইয়াদুল মোমিন, চ্যানেল ২৪-এর জেলা প্রতিনিধি রাশেদুজ্জামান, সময় টিভির জেলা প্রতিনিধি বেন ইয়ামিন মুক্ত এবং বাসস প্রতিনিধি দিলরুবা খাতুন প্রমুখ। প্রেস কনফারেন্সে জেলায় কর্মরত বিভিন্ন গণমাধ্যমের সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

প্রেজেন্টেশনের মাধ্যমে ক্যাম্পেইন সংক্রান্ত তথ্য উপস্থাপন করেন মেডিকেল অফিসার ডা. মো. ইনজামাম-উল-হক।

তিনি বলেন, আমরা জেলায় ১লাখ ৬৮ হাজার ২৯৭ জন শিশুকে টাইফয়েড টিকা প্রদান করার লক্ষ্যেমাত্রা নির্ধারণ করেছি। যার মধ্যে শিক্ষা প্রতিষ্ঠানে ১ লাখ ১৫ হাজার ৮৭৯ এবং কমিউনিটি পর্যায়ে ৫২ হাজার ৪১৮ জন । আজ বৃহস্পতিবার পর্যন্ত লক্ষ্যমাত্রার ৩৬ শতাংশ রেজিষ্ট্রেশন সম্পন্ন হয়েছে। আপনারাসহ সমাজের অংশীজনদের সহায়তায় শতভাগ রেজিষ্ট্রেশনের মাধ্যমে টিকা প্রদান সম্পন্ন করতে চাই। এ ক্ষেত্রে সাংবাদিক-শিক্ষকসহ সমাজের সকল স্তরের মানুসের সহযোগীতার আহবান করেন তিনি।

আগামী ১২ অক্টোবর থেকে ১৩ নভেম্বর পর্যন্ত প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান ও স্বাস্থ্য কেন্দ্রগুলোতে টাইফয়েড ভ্যাকসিন দেওয়া হবে। এ ভ্যকসিন দিতে অনলাইনে শিশুর জন্ম সনদ দিয়ে রেজিষ্ট্রশন করতে হবে।

মেহেরপুর জেলা ছাত্রদলের সমাবেশ ও মিছিল

“আমার প্রথম ভোট বাংলাদেশের পক্ষে হোক, আমার প্রথম ভোট ধানের শীষের পক্ষে হোক” এই স্লোগানকে সামনে রেখে সমবেশ ও মিছিল করেছে মেহেরপুর জেলা ছাত্রদল।

বৃহস্পতিবার বিকালে মেহেরপুর সড়ক বিভাগের সামনে থেকে একটি মিছিল বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে কাথুলি বাসস্ট্যান্ডে গিয়ে শেষ হয়।

আগে সেখানে সমাবেশ করা হয়। সমাবেশের সভাপতিত্ব করেন জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজির।

সঞ্চালনা করেন জেলা ছাত্রদলের সিনিয়র যুগ্ম সম্পাদক রাশিদুল ইসলাম রাজন।

সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন কেন্দ্রীয় বিএনপি’র নির্বাহী কমিটির সদস্য ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুণ। বিশেষ

অতিথি হিসেবে বক্তব্য রাখেন পৌর বিএনপির সাবেক সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস।

বক্তারা বলেন, ছাত্রদলের স্লোগান আমার প্রথম ভোট বাংলাদেশের পক্ষে হোক, আমার প্রথম ভোট ধানের শীষের পক্ষে হোক। একটি মহল জুলাই অভ্যুত্থান নিয়ে ষড়যন্ত্র করছে। এর আগে স্বৈরাচার হাসিনা একাত্তরের মুক্তিযোদ্ধা চেতনা নিয়ে জনগণের সাথে ধোঁকাবাজি করেছে। আরেকদল ধর্মকে পুঁজি করে মানুষের কাছে বিভ্রান্ত ছড়াচ্ছে। আমাদের সকলকে ঐক্য থাকতে হবে। সমস্ত ষড়যন্ত্রকে রুখতে হবে। বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের বিবিসিকে সাক্ষাৎকার দেওয়াটা বাংলাদেশের জন্য একটি দলিল।

মেহেরপুরে কালো বাজারে পাচারের সময় সার জব্দ, খুচরা ব্যবসায়ীকে জরিমান

মেহেরপুরের গাংনীতে কালো বাজারে সার পাচারের অভিযোগে মের্সাস আলীম ট্রেডার্সের মালিক বাঁশবাড়িয়া গ্রামের মাহাবুব হাসানকে ১৫ হাজার টাকা অর্থদন্ড দেয়া হয়েছে। একই সাথে উদ্ধার হওয়া ১২ বস্তা টিএসপি সার স্থানীয় কৃষকদের মাঝে সরকারি মূল্যে তাৎক্ষণিক বিক্রি করা হয়েছে।

বৃহস্পতিবার সকালে খবর পেয়ে ভ্রাম্যমান আদালত বসিয়ে সার ডিলারকে এ দন্ড দেয়া হয়। ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন, গাংনী উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিষ্ট্রেট মো: আনোয়ার হোসেন।

ভ্রাম্যমান আদালত পরিচালনাকারি নির্বাহী ম্যাজিষ্ট্রেট মো: আনোয়ার হোসেন জানান, গাংনী উপজেলার বিএডিস’র ডিলারের সার খুচরা ব্যবসায়ীর মাধ্যমে মেহেরপুর সদর উপজেলার আমদহ গ্রামে পাচারের সময় জনতা সারসহ একটি ভ্যান আটক করেন এবং গাংনী উপজেলা কৃষি অফিসকে খবর দেন। উপজেলা কৃষি অফিসার ইমরান হোসেন ও গাংনী উপজেলা নির্বাহী অফিসার ঘটনাস্থলে আসেন।

পরে সার ব্যবস্থাপনা সংশোধনী আইন ২০১৮ এর ৪ ধারায় দোষী সাবস্থ হওয়ায় খুচরা সার ব্যবসায়ী মের্সাস আলীম ট্রেডার্সের মালিক বাঁশবাড়িয়া গ্রামের মাহাবুব হাসানকে ১৫ হাজার টাকা অর্থদন্ড ও উদ্ধার হওয়া ১২ বস্তা টিএসপি সার স্থানীয় কৃষকদের মাঝে সরকারি মূল্যে তাৎক্ষণিক বিক্রি করেন।

এদিকে স্থানীয় কৃষকের জন্য বরাদ্দকৃত সার অন্য স্থানে কালো বাজারীর মাধ্যমে পাচার হওয়ায় ক্ষোভ প্রকাশ করেন ভক্সপপ- ৬ জন (প্রথমজন- মাহাবুব হোসেন খুচরা সার ব্যবসায়ী, দ্বিতীয় ব্যক্তি-মালবহনকারী, পরের গুলো স্থানীয় বিএনপি নেতা ও কৃষক)।

সার কালোবাজারী সিন্ডিকেট ভাঙার জন্য কৃষি বিভাগ চেষ্টা করছে বলে জানান, গাংনী উপজেলা কৃষি অফিসার ইমরান হোসেন।

গাংনীতে বিএনপি নেতার টোকেনে কৃষকের সার

গাংনীর ধানখোলা ইউনিয়নে বিএনপি নেতার টোকেনে মিলছে কৃষকদের সার।জেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক ও ধানখোলা ইউপির সাবেক চেয়ারম্যান আখেরুজ্জামানের দেওয়া টোকেন ছাড়া কৃষকদের সার দেওয়া হচ্ছে না।

ফলে প্রকৃত কৃষক হয়েও টোকেন না থাকায় সার পাচ্ছেন না অনেক কৃষক। এই ইউনিয়নে বিসিআইসি সারের সরবরাহে উঠেছে ব্যাপক অনিয়মের অভিযোগ।

সরেজমিনে ধানখোলা ইউনিয়নের মেসার্স এন আর এন্টারপ্রাইজের সরকারি অনুমোদিত ডিলার পয়েন্টে গিয়ে দেখা যায়, প্রায় অর্ধশতাধিক কৃষক সার পাওয়ার আশায় দীর্ঘ লাইনে দাঁড়িয়ে আছেন। বিএনপি নেতা আখেরুজ্জামানের দেয়া টোকেন না থাকায় তারা সার পাচ্ছেন না। অপরদিকে, যাদের কাছে ওই বিএনপি নেতার দেওয়া টোকেন রয়েছে, তারা সরাসরি সার সংগ্রহ করছেন। আবার অনেকে, ডিলার এনামুলের অনুগত হওয়ায় অন্য ইউনিয়নের কৃষকরাও সার পাচ্ছেন।

পাকুরিয়া গ্রামের কৃষক বুলবুল হোসেন জানান, চেয়ারম্যান আখেরুজ্জামান আমাকে ও আকবর হোসেনকে সার নেয়ার টোকেন দিয়েছেন। সেই টোকেন দেখিয়ে আজ সার নিতে এসেছি। তবে আশরাফুল নামের অপর একজন কৃষক ক্ষোভ প্রকাশ করে বলেন, “আমি কয়েকদিন ধরে সার পাওয়ার জন্য লাইনে দাঁড়াচ্ছি, কিন্তু টোকেন নেই বলে আমাকে সার দেয়া হচ্ছে না। অথচ যাদের টোকেন আছে, তারা কৃষক না হলেও সহজেই সার পাচ্ছে।

গাঁড়াডোব গ্রামের কৃষক শাহীন বলেন, সারের নামে এখন টোকেন বাণিজ্য চলছে। যাদের পরিচয় আছে, তারাই পাচ্ছে সার। বাকি সবাই বঞ্চিত।

এ প্রসঙ্গে এন আর এন্টারপ্রাইজের ম্যানেজার মনিরুজ্জামান বলেন, সার সংকট রয়েছে, তাই অযথা ভিড় ও বিশৃঙ্খলা এড়াতে সাবেক চেয়ারম্যান আখেরুজ্জামানের দেওয়া টোকেন অনুযায়ী সার দেওয়া হচ্ছে।

ডিলার এনামুল হোসেন আরও বলেন, আমরা স্বল্প পরিমাণে সার বরাদ্দ পেয়েছি। ব্যক্তি সনাক্তের জন্য টোকেনের মাধ্যমে সার দেয়া হচ্ছে। তবে, অন্য ইউনিয়নের কৃষকদের সার দেয়ার ব্যাপারে তিনি কোন সদুত্তর দিতে পারেননি।

জেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক আখেরুজ্জামান বলেন, প্রকৃত কৃষকদের মাঝে সার সুন্দরভাবে বিতরণ করতেই আমরা টোকেন চালু করেছি। এতে কৃষকদের উপকারই হচ্ছে।

এদিকে ধানখোলা ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তারা সাংবাদিকদের জানান, এখানে রাজনৈতিক প্রভাব থাকায় আমরা সার বিতরণে হস্তক্ষেপ করতে পারছি না। এছাড়া ডিলার এনামুল আমাদের সাথে উদ্ধত্যপূর্ণ আচরণ করেছে। চাকরি চলে গেলেও ওই ব্লকের দায়িত্ব নিতে পারবো না।

গাংনী উপজেলা কৃষি কর্মকতা ইমরান হোসেন বলেন, এক ইউনিয়নের ডিলার অন্য ইউনিয়নের কৃষকদের মাঝে সার বিতরণ করতে পারবেন না। সঠিক ও প্রকৃত কৃষকদের মধ্যেই সার বিতরণ নিশ্চিত করতে ডিলারদের নির্দেশনা দেওয়া হয়েছে। এছাড়া বিষয়টি আমরা সর্বত্র মনিটরিং করছি।

মেহেরপুরে তারেক রহমানের দেওয়া বিবিসি বাংলার সাক্ষাৎকার প্রদর্শন

বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-এর ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব তারেক রহমানের বিবিসি বাংলাকে দেওয়া বিশেষ সাক্ষাৎকারটি জনগণের মাঝে প্রদর্শনের আয়োজন করে মেহেরপুর জেলা যুবদল।

গতকাল বুধবার সন্ধ্যায় মেহেরপুরের শামসুজ্জোহা পার্কে এই সাক্ষাৎকারটি প্রদর্শন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক জননেতা অ্যাডভোকেট কামরুল হাসান, সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মহাম্মদ, বিএনপি নেতা আলমগীর খান সাতু, হাফিজুর রহমান, আনছারুল হক, ইলিয়াস হোসেনসহ সিনিয়র নেতৃবৃন্দ ও নেতাকর্মীরা।

মুজিবনগরে আন্তর্জাতিক প্রবীণ দিবস পালন

“একদিন তুমি পৃথিবী গড়েছ, আজ আমি স্বপ্ন গড়ব, স্বযত্নে তোমায় রাখব আগলে” এই প্রতিপাদ্যকে সামনে রেখে সারাদেশের মতো মুজিবনগর উপজেলার বাগোয়ান ও মোনাখালী ইউনিয়নে যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে আন্তর্জাতিক প্রবীণ দিবস।

গতকাল মঙ্গলবার পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের (পিকেএসএফ) সহযোগিতায় এবং পলাশী পাড়া সমাজ কল্যাণ সমিতির (পিএসকেএস) বাস্তবায়নে সমৃদ্ধি কর্মসূচির আওতায় দিবসটি পালন করা হয়।

দিবসটি উপলক্ষে বাগোয়ান ইউনিয়নের প্রায় শতাধিক প্রবীণ নারী ও পুরুষের অংশগ্রহণে এক বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনা শেষে পাঁচজন প্রবীণ নারী ও পাঁচজন প্রবীণ পুরুষকে তাদের চলাফেরার সুবিধার্থে লাঠি প্রদান করা হয়।

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন বাগোয়ান ইউনিয়ন প্রবীণ কমিটির সভাপতি বীর মুক্তিযোদ্ধা আফজাল হোসেন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাগোয়ান ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান সোহরাব হোসেন।

এছাড়াও উপস্থিত ছিলেন পিএসকেএস এর উপনির্বাহী পরিচালক মোঃ কামরুজ্জামান, উপজেলা কর্মসূচি সমন্বয়কারী মোঃ হাসানুজ্জামান এবং সহকারী উপজেলা কর্মসূচি সমন্বয়কারী মোঃ রহিম আকতার সাগর।

মেহেরপুরে পৃথক মামলায় ২ জনের জেল-জরিমানা

মেহেরপুরে জাল দলিল মামলায় দীন মোহাম্মদকে দশ বছর কারাদণ্ড ও ২০ হাজার টাকা অর্থদণ্ড এবং মারধরের মামলায় আব্দুল খালেককে এক বছর কারাদণ্ড ও ১ হাজার টাকা অর্থদণ্ড দিয়েছে আদালত। অনাদায়ে আরও ১৫ দিনের কারাদণ্ড দেওয়া হয়েছে।

আজ বুধবার দুপুরে মেহেরপুরের চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মোঃ শাজাহান আলী এ আদেশ দেন।

প্রথম আসামির মামলার বিবরণে জানা যায়, প্রায় ৮-১০ বছর আগে দীন মোহাম্মদ ও তার ভাই আমজাদ খাঁ বাদীর গ্রামে বসবাস শুরু করে। বাদীর পিতা সাময়িকভাবে তাদেরকে বসবাসের অনুমতি দেন, কিন্তু পরবর্তীতে দীন মোহাম্মদ বাদীর পৈত্রিক জমির একটি অংশ নিজের নামে জাল ও ভূয়া দলিল তৈরি করে আত্মসাতের চেষ্টা চালায়।

বাদী বিষয়টি গাংনী সাবরেজিস্ট্রি অফিসে যাচাই করে দলিলটি জাল প্রমাণিত হয়। পরে সহকারী কমিশনার (ভূমি), গাংনী প্রজাস্বত্ব আইন ১৯৫০-এর ১৫০ ধারা অনুযায়ী দলিলভিত্তিক নামজারী বাতিলের আদেশ দেন।

আদালতে অভিযোগ প্রমাণিত হওয়ায় দীন মোহাম্মদকে দণ্ডিত করা হয়।

দ্বিতীয় আসামির মামলার বিবরণে জানা যায়, জমিজমা সংক্রান্ত বিরোধের জেরে বাদী সাংবাদিক সম্মেলন শেষে বাড়ি ফেরার সময় আসামিরা সংঘবদ্ধ হয়ে তার ওপর হামলা চালায়। হামলার সময় আসামি আব্দুল খালেক ইট দিয়ে বাদীর মাথায় সজোরে আঘাত করে গুরুতর জখম করে।

পরে মামলার তদন্তকারী কর্মকর্তা আদালতে অভিযোগপত্র দাখিল করেন। মামলার নথি ও সাক্ষীদের সাক্ষ্য পর্যালোচনা করে আসামিদের বিরুদ্ধে উপরোক্ত রায় দেন। রায় ঘোষনার পরে আসামীদের জেল হাজতে পাঠানো হয়েছে।

গাংনীর নওয়াপাড়ার ফারুক ট্রেডার্সের ২০ হাজার টাকা জরিমানা

মেহেরপুরের গাংনী উপজেলার নওয়াপাড়া ও সাহারবাটি বাজারে অভিযান চালিয়ে মেয়াদ উত্তীর্ণ কীটনাশক বিক্রয়ের অপরাধে ফারুক হোসেন নামের এক ব্যবসায়ীর ২০ হাজার টাকা জরিমানা করেছে ভোক্তা অধিদপ্তর।

বুধবার দুপুরে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক মামুনুল হাসান এ অভিযান পরিচালনা করেন।

তিনি জানান, মেয়াদ উত্তীর্ণ কীটনাশক বিক্রয়ের কারণে নওয়াপাড়ার ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৫১ ধারা অনুসারে মেসার্স ফারুক ট্রেডার্সের মালিক ফারুক হোসাইনকে ২০ হাজার টাকা জরিমানা করা হয়। এবং দ্রুততম সময়ে ত্রুটি সংশোধন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

অভিযান পরিচালনাকালে জেলা কৃষি বিপণন কর্মকর্তা মো: তারিকুল ইসলাম ও জেলা পুলিশের একটি টিম উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মেহেরপুরে মাদ্রাসা শিক্ষার্থীকে পিটিয়ে আহত

মেহেরপুরের গাংনীতে কবুতর চুরির মিথ্যা অপবাদে জুনায়েদ আহমেদ নামের এক মাদ্রাসা শিক্ষার্থীকে পিটিয়ে আহত করার ঘটনা ঘটেছে। মাদ্রাসার শিক্ষক জুবায়ের আহমেদ শিশুটিকে পিটিয়ে গুরুতর আহত করেন। আহত জুনায়েদ বর্তমানে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছে।

গতকাল মঙ্গলবার দিবাগত রাত ৯ টার দিকে গাংনীর পশ্চিম মালসাদহ গ্রামের ফজলুল উলুম ক্বওমী মাদরাসায় শিশু নির্যাতনের এ ঘটনাটি ঘটেছে।

জুনায়েদ আহমেদ ওই মাদ্রাসায় হেফজ নাজেরা বিভাগে অধ্যায়নরত। সে কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার পার গোয়াল গ্রামের মৃত জয়নাল আবেদীনের ছেলে। সাত বছর যাবৎ একই মাদ্রাসাতে সে পড়ালেখা করছেন।

তাকে স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি রেখে চিকিৎসা চলছে বলে জানান, গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা চিকিৎসক আব্দুল্লাহ আল আজিজ। তিনি জানান, শিশু জুনায়েদের পিঠে, বাম পায়ের উরু ও বাম হাতের একটি আঙ্গুলে জখম ও নীলা ফোলা দাগ রয়েছে। তবে, শিশুটি আশংকামুক্ত।

শিশুটি জানান, পরীক্ষার পর তার দুই বন্ধু দুটি কবুতর দিয়েছিল। কবুতর দুটি বাড়িতে রেখে এসেছে। গতকাল রাতে হুজুর জুবায়ের আহমেদ এটিকে চুরির মিথ্যা অপবাদ দিয়ে দফায় দফায় ছড়ি দিয়ে পিটিয়ে রক্তাক্ত করেন। এসময় অন্যান্য ছাত্ররা ভয়ে আতংকিত হয়ে পড়ে। তাকে চিকিৎসা না দিয়ে ঘরে আটকিয়ে রাখে।

মাদ্রাসার পাশের কয়েকজন জানতে পেরে তার মা রিমা খাতুনকে মোবাইল ফোনে জানালে তিনি অভিযুক্ত শিক্ষক জুবায়ের হোসেনের মোবাইল ফোনে ছেলের খোঁজ জানতে এবং কথা বলতে চান। কিন্তু শিক্ষক জুবায়ের তাকে না দিয়ে তালবাহানা করেন। আজ সকালে মাদ্রাসাতে এসে ছেলেকে আহতাবস্থায় উদ্ধার করে হাসপাতালে নেন। এঘটনায় রিমা খাতুন গাংনী থানায় শিক্ষক জুবায়ের হোসেনের বিরুদ্ধে একটি লিখিত অভিযোগ দিয়েছেন।

এঘটনার পর থেকে অভিযুক্ত শিক্ষক জুবায়ের হোসেন পলাতক রয়েছেন।

গাংনী থানা ইন্সপেক্টর (তদন্ত) আব্দুল্লাহ আল মামুন জানান, ঘটনার বিষয়ে লিখিত অভিযোগ পাওয়া গেছে। তদন্ত সাপেক্ষে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।